আজকের কাগজ 75

তারিখ 22 OCT 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# রংপুরে কলেজের ভেতরে কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ

**রংপুর প্রতিনিধি :** রংপুরের একটি প্রতিষ্ঠিত কলেজের ভেতর আরেকটি কলেজ জন্ম নেয়ার চাঞ্চল্যকর খবর পাওয়া গেছে। জানা গেছে, সরকারি কারমাইকেল কলেজ ক্যাম্পাসের ভেতর অর্থাৎ কলেজের প্রশাসনিক ভবনের পাশে বেসরকারিভাবে কারমাইকেল কলেজিয়েট মহাবিদ্যালয় নামের আরেকটি কলেজ খোলার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আর এর সঙ্গে যুক্ত রয়েছেন স্বার্থান্বেষী একটি মহল, গুটি কয়েক শিক্ষক এবং কারমাইকেল কলেজ অধ্যক্ষ নিজেই। কলেজের একটি দায়িত্বশীল সূত্রে জানা গেছে, কারমাইকেল কলেজের স্বাস্থ্য কেন্দ্র ও লাইব্রেরী ভবন ব্যবহার করে বেসরকারি মহাবিদ্যালয়ের স্বপ্ন দেখছেন অধ্যক্ষ আব্দুল কুদ্দুস বিশ্বাস। এর মূল কারণ হিসেবে সূত্র জানায়, আগামী কয়েক মাসের মধ্যে বর্তমান কলেজ অধ্যক্ষ 'বিশ্বাসের' সরকারি চাকরি থেকে অবসর গ্রহণ করার কথা। এদিকে কলেজের ছাত্রছাত্রী এবং বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠেছে উত্তরাঞ্চলের শ্রেষ্ঠ বিদ্যাপীঠ কারমাইকেল কলেজের নিজস্ব সম্পত্তির ভেতর আরেকটি বেসরকারি কলেজের জন্ম হলে কারমাইকেল কলেজের ঐতিহ্য ভূলুণ্ঠিত হবে।